গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট
রামু, কক্সবাজার।

বিষয়ঃ বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের পরিচালনা বোর্ডের প্রথম বোর্ড সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	মোঃ আনোয়ার হোসেন, ভারপ্রাপ্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়ঃ	২৫/০৫/২০১৭ খ্রিঃ, বিকাল ৩:০০ টা।
স্থানঃ	মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৯০৩, ভবন নং-৬, ১০ম তলা)।
উপস্থিতির তালিকাঃ	উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হলো।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের পরিচালনা বোর্ডের প্রথম সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি বলেন যে, সমুদ্র বিষয়ক গবেষণা কার্যক্রম গ্রহণ, গবেষণালব্ধ ফলাফলের প্রয়োগ এবং এতদসংশ্লিষ্ট সকল কার্যক্রম পরিচালনা, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণের উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (BORI) প্রতিষ্ঠিত হয়। তিনি বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রচেষ্টায় কক্সবাজার জেলার রামুতে ৪০.৬২ একর জমিতে প্রতিষ্ঠিত এই প্রতিষ্ঠান দেশি-বিদেশি বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের সাথে পর্যায়ক্রমে সহযোগিতা ও গবেষণা কার্যক্রম পরিচালনার মাধ্যমে সমুদ্র অর্থনীতি (Blue Economy)-তে উল্লেখযোগ্য অবদান রাখাসহ দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার মৌলিক চাহিদা পূরণ এবং আর্থসামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

২। সভাপতির অনুমতিক্রমে সভার সদস্য সচিব এবং মহাপরিচালক, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের সংক্ষিপ্ত পরিচিতি সভায় তুলে ধরেন। তিনি বলেন, ৫ই মার্চ ২০১৫ খ্রিঃ তারিখ গেজেট বিজ্ঞপ্তি দ্বারা বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট আইন-২০১৫ প্রণীত হয় (২০১৫ সনের ০৭ নং আইন)। আইনের ১(২) ধারার প্রদত্ত ক্ষমতাবলে ১০ই আগষ্ট ২০১৫ খ্রিঃ তারিখ থেকে এই আইন কার্যকর হয় এবং ৩(১) ধারার প্রদত্ত ক্ষমতা বলে ০৮ই সেপ্টেম্বর, ২০১৫ খ্রিঃ তারিখে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (BORI) প্রতিষ্ঠিত হয়। ইতোমধ্যে আইনের ১৯ ধারার প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (BORI) প্রবিধিমালা প্রণীত হয়েছে।

৩। সভার সভাপতি এবং সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র. নং	বিষয়/কার্যক্রম	আলোচনা	সভার সিদ্ধান্ত
১।	বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের পরিচালনা বোর্ড সম্পর্কিত আলোচনা।	সভার সভাপতি বিদ্যমান আইনের আওতায় গঠিত পরিচালনা বোর্ডের রূপরেখা সভায় তুলে ধরেন। পাশাপাশি আইনে বর্ণিত ইনস্টিটিউটের কার্যাবলিও সভায় উপস্থাপন করেন। এ পর্যায়ে বোর্ডের সদস্য রিয়ার অ্যাডমিরাল (অবঃ) মোঃ খুরশেদ আলম বলেন যে, আইনের ৮(গ) ধারা মোতাবেক সমুদ্র তীরবর্তী এলাকায় Environmental Impact Assessment (EIA) রিপোর্ট প্রদানের একতিয়ার এ প্রতিষ্ঠানের। কিন্তু বর্তমানে এই কাজটি পরিবেশ অধিদপ্তর কর্তৃক সম্পাদিত হচ্ছে। এ বিষয়ে সভাপতি বলেন যে, BORI একটি নবসৃষ্ট	BORI একটি নবসৃষ্ট প্রতিষ্ঠান। জনবল নিয়োগ হওয়ার পূর্ব পর্যন্ত EIA বিষয়ক রিপোর্ট পরিবেশ অধিদপ্তর প্রণয়ন/প্রদান করবে। জনবল নিয়োগের পর হতে আইনানুযায়ী BORI কর্তৃক এতদসংক্রান্ত কাজ সম্পাদিত হবে।

		প্রতিষ্ঠান। ফলে জনবল নিয়োগের পূর্ব পর্যন্ত এতদসংক্রান্ত কার্যক্রম পরিবেশ অধিদপ্তর কর্তৃক সম্পাদিত হওয়াই বাঞ্ছনীয়। BORI-র কার্যক্রম পূর্ণভাবে চালু হওয়ার পর এতদসংক্রান্ত কাজ আইন অনুযায়ী BORI কর্তৃক সম্পাদিত হবে।	
২।	প্রবিধানমালা সম্পর্কিত আলোচনা।	সভাপতি ইনস্টিটিউটের প্রবিধানমালা সংক্ষিপ্ত আকারে সভায় উপস্থাপন করেন এবং প্রবিধানমালার আলোকে কার্যক্রম গ্রহণের বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।	প্রবিধানমালা অনুযায়ী কার্যক্রম পরিচালনার বিষয়ে সকলে সহযোগীতার আশ্বাস প্রদান করেন।
৩।	অর্গানোগ্রাম সম্পর্কিত আলোচনা।	সংস্থার অনুমোদিত অর্গানোগ্রাম বিষয়ে সভাকে অবহিত করা হয়।	(ক) সংস্থার অনুকূলে সৃষ্ট জনবল নিয়োগের পদক্ষেপ গ্রহণ। (খ) তফসিলের ১ হতে ৫ নং ক্রমিকে বর্ণিত ০৫টি পদে এই পর্যায়ে প্রেষণে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়কে অনুরোধ জ্ঞাপন।
৪।	জনবল নিয়োগ ও বাছাই কমিটি গঠন সংক্রান্ত।	সভাকে অভিহিত করা হয় যে, আলোচ্য প্রতিষ্ঠানের অনুকূলে ৩ ধাপে মোট ২২৩টি পদ সৃজিত হয়েছে। তন্মধ্যে ১ম পর্যায়ে ১৩৭টি, ২য় পর্যায়ে ৩৭টি, এবং ৩য় পর্যায়ে ৫১টি পদ রয়েছে। সৃজিত পদে জনবল নিয়োগের নিমিত্তে নিয়োগ কমিটি এবং আবেদনপত্র যাচাই-বাছাই কমিটি গঠন প্রয়োজন মর্মে সভায় উপস্থিত সভ্যগণ একমত পোষণ করেন।	(ক) প্রথম শ্রেণীর নিয়োগের ক্ষেত্রে নিম্নোল্লিখিত সদস্যদের সমন্বয়ে একটি নিয়োগ কমিটি গঠনের সুপারিশ করা হয়ঃ ১। রিয়াল অ্যাডমিরাল (অবঃ) মোঃ খুরশেদ আলম, সচিব (এমএইউ), পররাষ্ট্র মন্ত্রণালয় - আহবায়ক। ২। অধ্যাপক ড. মোঃ কাউসার আহমেদ, চেয়ারম্যান, সমুদ্র বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় - সদস্য। ৩। কমডোর শেখ মাহমুদুল হাসান, ডীন, ফ্যাকাল্টি অব আর্থ এন্ড ওশান সায়েন্স, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় - সদস্য। ৪। ইতি রানী পোদ্দার, অতিরিক্ত সচিব (বিপ্রও), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় - সদস্য। ৫। জনাব রওনক মাহমুদ, অতিরিক্ত সচিব (পিএসিসি),জনপ্রশাসন মন্ত্রণালয় - সদস্য। ৬। মোঃ রফিকুল ইসলাম খান, যুগ্মসচিব, অর্থ মন্ত্রণালয় - সদস্য। ৭। মহাপরিচালক, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট - সদস্য সচিব। (খ) ২য় শ্রেণীর কর্মকর্তা এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারি নিয়োগ কমিটি

			নিম্নরূপঃ ১। মহাপরিচালক, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট - আহবায়ক। ২। সংশ্লিষ্ট যুগ্মসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় - সদস্য। ৩। উপসচিব, অর্থ বিভাগ - সদস্য। ৪। উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় - সদস্য। ৫। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিসিএসআইআর - সদস্য। (গ) আবেদনপত্র যাচাই-বাছাই কমিটি নিম্নরূপঃ ১। অতিরিক্ত প্রকল্প পরিচালক-১ (প্রশাসন ও অর্থ) , জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট প্রকল্প - আহবায়ক। ২। জনাব আছির উদ্দিন সরদার, উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় - সদস্য। ৩। সচিব, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ - সদস্য। ৪। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন - সদস্য।
৫।	BORI এর ২০১৭-২০১৮ অর্থ বৎসরের প্রস্তাবিত রাজস্ব বাজেট সম্পর্কিত আলোচনা।	সভাকে অবহিত করা হয় যে, প্রথমবারের মত আগামী ২০১৭-২০১৮ অর্থ বছরে এই সংস্থার অনুকূলে ২৮,১৪,০৩,০০০/- টাকা বরাদ্দের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।	বাজেট প্রাপ্তির পর প্রয়োজনে এ বিষয়ে পরবর্তী সভায় আলোচনা হতে পারে।
৬।	(ক) প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব খোলা।	(ক) বিদ্যমান আইনের ১২ ধারায় সংস্থার তহবিল সম্পর্কে বর্ণিত হয়েছে মর্মে সভাপতি সকলকে অবহিত করেন। BORI-র একটি ব্যাংক হিসাব খোলার জন্য বোর্ডের সদস্য সচিব সভায় প্রস্তাব করেন। সভাপতি বলেন যে, সোনালী ব্যাংকে BORI-র ব্যাংক হিসাব খোলা যায়। তিনি আরো বলেন যে, একটি সঞ্চয়ী ও একটি চলতি হিসাব থাকা দরকার। সভায় উপস্থিত সকলে এতে একমত পোষণ করেন। স্বচ্ছতা নিশ্চিতকল্পে ব্যাংক হিসাব যৌথ নামে পরিচালিত হওয়া সমীচীন হবে। সভার সভাপতি BORI-র মহাপরিচালক ও অর্থ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বোর্ড সদস্যের নাম প্রস্তাব করেন। বোর্ড সদস্য ও জনাব মোঃ রফিকুল ইসলাম খান, যুগ্মসচিব, অর্থ মন্ত্রণালয় বলেন যে, ইনস্টিটিউটটি নতুন। ফলে	(ক) (i) সোনালী ব্যাংকের স্থানীয় শাখায় একটি সঞ্চয়ী ও একটি চলতি হিসাব খুলতে হবে। (ii) পরবর্তী সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট সংস্থার মহাপরিচালক এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট যুগ্মসচিবের যৌথ স্বাক্ষরে বর্ণিত হিসাবদ্বয় পরিচালিত হবে। (iii) ব্যাংক হতে অর্থ উত্তোলনের পূর্বে সভাপতির অনুমোদন গ্রহণ করতে হবে।

		অর্থ উত্তোলনের পূর্বে বোর্ডের সভাপতি ও সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অনুমোদন নেওয়া এবং পূর্বের হিসাব সমূহ প্রদর্শিত হওয়া প্রয়োজন। এ বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।	
	(খ) রেস্ট হাউজ/ ডরমিটরির ভাড়ার হার নির্ধারণ।	(খ) সভার সদস্য সচিব BORI এর রেস্ট হাউজ ভাড়ার একটি প্রস্তাব উপস্থাপন করেন। সভার সভাপতি এ বিষয়ে আলোচনা করেন এবং সবার মতামত জানতে চান। সভায় উপস্থিত সকলে সদস্য সচিবের প্রস্তাবের সাথে একমত পোষণ করেন।	(খ) BORI এর রেস্ট হাউজের জন্য জন প্রতি ভাড়ার হার নিম্নোল্লিখিতভাবে নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ (i) ভিআইপি এসি রুমঃ সরকারী কর্মকর্তার ক্ষেত্রে (প্রাধিকার প্রাপ্ত) ভাড়ার হার ৫০০ টাকা এবং বেসরকারী ব্যক্তির ক্ষেত্রে ভাড়ার হার ২০০০ টাকা। (ii) সাধারণ এসি রুমঃ সরকারী কর্মকর্তার ক্ষেত্রে ভাড়ার হার ৩০০ টাকা (প্রথম শ্রেনী) এবং বেসরকারী ব্যক্তির ক্ষেত্রে ভাড়ার হার ১২০০ টাকা। (iii) ননএসি রুমঃ সরকারী ব্যক্তির ক্ষেত্রে ভাড়ার হার ২০০ টাকা এবং বেসরকারী ব্যক্তির ক্ষেত্রে ভাড়ার হার ৮০০ টাকা। (iv) ডরমিটরির ভাড়ার হার নির্ধারণের বিষয়ে পরবর্তীতে বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
		(গ) BORI ক্যাম্পাসে স্কুল পরিচালনার বিষয়ে সকলে অভিমত প্রকাশ করেন যে, BORI কর্মকান্ড পূর্ণভাবে চালু হওয়ার পর স্কুলের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা সমীচীন হবে।	(গ) BORI-র কার্যক্রম পূর্ণভাবে চালুর পর বিষয়টি পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।
৭।	বিবিধ আলোচনাঃ (ক) জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট প্রকল্পের আওতায় BORI এর জন্য নতুন দ্বিতীয় পর্যায়ের ডিপিপি তৈরির কারিগরি কমিটি গঠন।	(ক) বোর্ডের সভাপতি বলেন যে, জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট প্রকল্পের আওতায় BORI এর নতুন ডিপিপি প্রনয়নের জন্য কারিগরি কমিটি গঠন করা প্রয়োজন। বোর্ডের সদস্য রিয়ার অ্যাডমিরাল (অবঃ) মোঃ খুরশেদ আলম, সচিব (এমএইউ), পররাষ্ট্র মন্ত্রণালয় বলেন যে, ইনস্টিটিউটের বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়ের জন্য এবং ল্যাবরেটরি সমূহ গবেষণার উপযোগী করার জন্য একটি কারিগরি কমিটি গঠনের প্রয়োজন। এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। সভার সভাপতি ০৫ সদস্যের একটি কমিটি গঠনের প্রস্তাব করেন এবং বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর থেকে কারিগরি বিষয়ে অভিজ্ঞ	(ক) নিম্নবর্ণিত সদস্যের সমন্বয়ে জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প প্রথম পর্যায়ের যন্ত্রপাতি স্থাপন এবং দ্বিতীয় পর্যায়ের ডিপিপি প্রনয়ণের জন্য একটি কারিগরি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ ১। অধ্যাপক ড. মোঃ কাউসার আহমেদ, চেয়ারম্যান, সমুদ্র বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় - আহবায়ক। ২। কমডোর শেখ মাহমুদুল হাসান, ডীন, ফ্যাকাল্টি অব আর্থ এন্ড ওশান

		একজন প্রতিনিধি অন্তর্ভুক্তির প্রয়োজনীয়তা সম্পর্কে অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।	সায়েন্স, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় - সদস্য। ৩। কমডোর মীর ইমদাদুল হক, পরিচালক, হাইড্রোগ্রাফিক বিভাগ, বাংলাদেশ নৌ-বাহিনী - সদস্য। ৪। ড. মোঃ রাশেদ-উন-নবী, অধ্যাপক, ইনস্টিটিউট অব মেরিন সায়েন্স এন্ড ফিশারিজ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় - সদস্য। ৫। বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর কর্তৃক মনোনীত কারিগরি অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা - সদস্য।
	(খ) জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট প্রকল্পে কর্মরত অভিজ্ঞ জনবলকে BORI তে স্থানান্তর/নিয়োগের প্রয়োজনীয়তা বিষয়ক আলোচনা।	(খ) BORI এর মহাপরিচালক ও সদস্য সচিব জানান যে, প্রকল্পের বিজ্ঞানীগণ ইনস্টিটিউটের ল্যাবরেটরি স্থাপন, গবেষণা কার্যক্রম পরিচালনা, বৈজ্ঞানিক যন্ত্রপাতির স্পেসিফিকেশন নির্ধারণ, সংগ্রহ ও ক্রয় সংক্রান্ত সার্বিক কার্য সম্পাদন করে আসছে। এই অভিজ্ঞ জনবল BORI-র কর্মকান্ডে সম্পৃক্ত করা গেলে BORI-র কার্যক্রম আরো গতিশীল হবে। পাশাপাশি দ্রুততম সময়ের মধ্যে BORI-র কাঙ্খিত ফলাফল অর্জনে সক্ষম হবে। এ বিষয়ে অধ্যাপক ড. মোঃ কাউসার আহমেদ বলেন যে, তিনি BORI-র ল্যাবরেটরির সকল কার্যক্রমের সাথে ০৩ বছর ধরে ওতপ্রোতভাবে জড়িত আছেন। তিনি আরো বলেন যে, প্রকল্পের বিজ্ঞানী ও কর্মকর্তা-কর্মচারীদের শ্রম, মেধা ও যোগ্যতার ফসল হচ্ছে এই প্রতিষ্ঠান। সমুদ্র বিজ্ঞান বিষয়ে ইতোমধ্যেই তাঁরা যথেষ্ট অভিজ্ঞতা অর্জন করেছেন। ফলে ইনস্টিটিউটের স্বার্থে প্রকল্পের বর্তমান জনবল BORI তে স্থানান্তর হওয়া প্রয়োজন। সভাপতি বলেন যে, সমুদ্র বিজ্ঞান বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ জনবল দেশে প্রায় অপ্রতুল। এ কারণে প্রকল্পের বর্তমান অভিজ্ঞ জনবলকে ইনস্টিটিউটের রাজস্ব পদে স্থানান্তর/নিয়োগের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের "পরমাণু চিকিৎসা ইনস্টিটিউট ঢাকার জন্য ভবন নির্মাণ ও আধুনিকীকরণ প্রকল্প" এবং "এইআরই শক্তিশালীকরণ প্রকল্প" এ দুটি প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তরের আদলে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট সার-সংক্ষেপ প্রেরণ করা যেতে পারে। সভায় উপস্থিত সকলে সভাপতির মতামতের সাথে একমত পোষণ করেন।	(খ) প্রকল্পের বর্তমান অভিজ্ঞ জনবলকে ইনস্টিটিউটের রাজস্ব পদে স্থানান্তর/নিয়োগের ব্যবস্থা গ্রহণের নিমিত্তে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট সার-সংক্ষেপ প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।
	(গ) পরিচালনা বোর্ড এবং নিয়োগ ও বাছাই কমিটির সদস্যদের	(গ) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনস্থ অন্যান্য সংস্থার বোর্ড সভার সদস্যদের প্রদেয় সম্মানীর	(গ) নিম্নোক্তভাবে BORI পরিচালনা বোর্ড, নিয়োগ কমিটি এবং বাছাই কমিটির সদস্যদের সম্মানী নির্ধারণ

	সম্মানীর হার নির্ধারণ।	সাথে সামঞ্জস্য রেখে নির্ধারণের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। এছাড়া, বোর্ডের জনবল নিয়োগের জন্য যে নিয়োগ কমিটি এবং বাছাই কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে সে সকল কমিটির সদস্যদের সম্মানীর হার নির্ধারণের বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	করা হলো: (১) সভাপতি- ৭,৭০০/- (৭,০০০ + ভ্যাট ৭০০) (২) সদস্য-৬,৬০০/-(৬,০০০ + ভ্যাট ৬০০) প্রথম শ্রেণীর নিয়োগ কমিটির সদস্যদের সম্মানী (প্রতিদিন/ প্রতি সিটিং এর জন্য) (১) সভাপতি-৭,৭০০/- (৭,০০০+ ভ্যাট ৭০০) (২) সদস্য- ৬,৬০০/- (৬,০০০ + ভ্যাট ৬০০) দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর নিয়োগ কমিটির সদস্যদের সম্মানী (প্রতিদিন/ প্রতি সিটিং এর জন্য) (১) সভাপতি- ৪,৪০০/-(৪,০০০+ ভ্যাট ৪০০) (২) সদস্য-৩,৩০০/- (৩,০০০ + ভ্যাট ৩০০) আবেদনপত্র বাছাই কমিটির সদস্যদের সম্মানী (প্রতিদিন/ প্রতি সিটিং এর জন্য) (১) সভাপতি- ৪,৪০০/- (৪,০০০+ভ্যাট ৪০০) (২) সদস্য-৩,৩০০/- (৩,০০০ + ভ্যাট ৩০০) সকল ক্ষেত্রে ভ্যাটসহ পুরো সম্মানী BORI পরিশোধ করবে।

পরিশেষে সভাপতি বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের পরিচালনা বোর্ডের সকল সদস্যকে সহযোগিতার মনোভাব নিয়ে নবসৃষ্ট এই ইনস্টিটিউটের উন্নয়নের লক্ষ্যে বিশেষভাবে অবদান রাখার জন্য আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৪/১/২০২৭

মোঃ আনোয়ার হোসেন
ভারপ্রাপ্ত সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
ও
সভাপতি, পরিচালনা বোর্ড
বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট